

দৈনন্দিন জীবনে ইসলাম [যাকাত অধ্যায়]

বিভাগ/অধ্যায়ঃ গৃহপালিত পশুর যাকাত রচয়িতা/সঙ্কলকঃ শরীফুল ইসলাম বিন যয়নুল আবেদীন

গাড়ী চালানো অথবা জমি চাষের কাজে নিয়োজিত পশুর যাকাতের বিধান

গাড়ী চালানো অথবা জমি চাষের কাজে নিয়োজিত পশু যত বেশীই হোক না কেন তার যাকাত দিতে হবে না। হাদীছে এসেছে,

عَنْ عَلِيّ بْنِ أَبِيْ طَالِب رضى الله عنه أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ لَيْسَ فِيْ الْخَضْرَاوَاتِ صَدَقَةٌ وَلاَ فِيْ الْعَرَايَا صَدَقَةٌ وَلاَ فِيْ الْجَبْهَةِ صَدَقَةٌ، قَالَ الْصَقْرُ الْعَرَايَا صَدَقَةٌ وَلاَ فِيْ الْجَبْهَةِ صَدَقَةٌ، قَالَ الْصَقْرُ الْجَبْهَةُ الْذَيْلُ وَالْبِغَالُ وَالْعَبِيْدُ ـ

আলী ইবনু আবি ত্বালেব (রাঃ) হতে বর্ণিত, নবী (ছাঃ) বলেছেন, শাক-শব্জিতে যাকাত নেই, আরিয়াতে[1] যাকাত নেই, পাঁচ ওসাকের কমে যাকাত নেই, কাজে নিয়োজিত পশুতে যাকাত নেই এবং যাবহাতেও যাকাত নেই। সাকার বলেন, জাবহা অর্থ হল, ঘোড়া, খচ্ছর এবং দাস-দাসী।[2]

ফুটনোট

[1]. কোন গরীব ব্যক্তির নিকটে শুকনো খেজুর রয়েছে। কিন্তু তার 'রুতাব' খেজুর প্রয়োজন। এমতাবস্থায় কোন গাছের মালিকের নিকট থেকে শুকনো খেজুরের বিনিময়ে গাছে বিদ্যমান রুতাব খেজুর ক্রয় করাকে আরিয়া বলা হয়।

[2]. দারাকুত্বনী হা/১৯৩o; মিশকাত হা/১৮১৩।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3302

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন